

## প্রেস বিজ্ঞপ্তি

বিগত ২১ মে ২০২৬ তারিখে অর্থ ও পরিকল্পনা মন্ত্রী জনাব আমির খসরু মাহমুদ চৌধুরী এবং আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ)-এর উপ-ব্যবস্থাপনা পরিচালক নাইজেল ক্লার্ক-এর মধ্যে একটি ভারুয়াল সভা অনুষ্ঠিত হয়। বৈঠকে বাংলাদেশের সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি, চলমান আইএমএফ কর্মসূচির অগ্রগতি এবং ভবিষ্যৎ সহযোগিতার বিষয়ে গঠনমূলক আলোচনা অনুষ্ঠিত হয়। অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আইএমএফ-এর অব্যাহত সহযোগিতা ও সম্পৃক্ততার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডি.সি.-তে অনুষ্ঠিত সর্বশেষ Bank-Fund Annual Meetings-এ অনুষ্ঠিত ফলপ্রসূ আলোচনার কথা স্মরণ করেন। তিনি উল্লেখ করেন যে, ওয়াশিংটনে অনুষ্ঠিত আলোচনার পর সরকার বিষয়টি নিয়ে অভ্যন্তরীণভাবে পর্যালোচনা করেছে।

বৈঠকে অর্থ ও পরিকল্পনা মন্ত্রী পুনর্ব্যক্ত করেন যে বাংলাদেশ সরকার সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা ও কাঠামোগত সংস্কারে প্রতিশ্রুতিবদ্ধ। তবে তিনি উল্লেখ করেন যে, বর্তমান আইএমএফ কর্মসূচিটি ভিন্ন অর্থনৈতিক ও নীতিগত প্রেক্ষাপটে গ্রহণ করা হয়েছিল, পরবর্তীতে উদ্ভূত দেশীয় প্রেক্ষাপট, রাজনৈতিক অর্থনীতি এবং বৈশ্বিক অনিশ্চয়তার কারণে কিছু সংস্কার বাস্তবায়নে চ্যালেঞ্জ সৃষ্টি হয়েছে। তিনি বলেন, সরকার সংস্কার থেকে সরে আসতে চায় না; বরং বাস্তবসম্মত, ধাপে ধাপে (sequencing) এবং দেশের বাস্তবতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ সংস্কার কার্যক্রম বাস্তবায়নে আগ্রহী। সার্বিক পরিস্থিতি বিবেচনায়, নবনির্বাচিত সরকারের অধীনে একটি নতুন আইএমএফ কর্মসূচি গ্রহণের বিষয়ে আলোচনা হয়, যেখানে তিন বছরের একটি বাস্তবভিত্তিক সময়সীমার মধ্যে অগ্রাধিকারমূলক ও বাস্তবায়নযোগ্য সংস্কারসমূহ অন্তর্ভুক্ত থাকবে এবং ধাপে ধাপে (sequencing) সংস্কার কার্যক্রম বাস্তবায়ন করা হবে।

বৈঠকে আইএমএফ-এর উপ-ব্যবস্থাপনা পরিচালক নাইজেল ক্লার্ক বাংলাদেশের সংস্কার কার্যক্রম এবং নতুন কর্মসূচি গ্রহণের উদ্যোগকে স্বাগত জানান। তিনি বাংলাদেশের সঙ্গে আইএমএফ-এর গঠনমূলক ও ঘনিষ্ঠ সম্পৃক্ততা অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

বৈঠকে উভয় পক্ষই বাস্তবসম্মত ও বাস্তবায়নযোগ্য একটি নতুন আইএমএফ কর্মসূচি, এবং এ সংশ্লিষ্ট কার্যক্রম দ্রুত শুরু করার বিষয়ে একমত পোষণ করেন।

---

সিরাজ উদ-দৌলা খান  
জনসংযোগ কর্মকর্তা  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়